

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ১ম প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাহিদ রশীদ
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ৩০/১১/২০২২; সকাল: ১০.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার বিষয়ক ১ম প্রান্তিকের প্রেরিত প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের উপর আলোচনা করা হয়। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় আলোচ্য বিষয়বস্তু উপস্থাপন করেন। মৎস্য অধিদপ্তরের ১ম প্রান্তিকের অর্জন মোটামুটি সন্তোষজনক। মৎস্য অধিদপ্তরের ১০ টি জেলার জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রতি কোয়ার্টারে ০১ টি করে গণশুনানী আয়োজন এবং গণশুনানীসমূহে স্টেকহোল্ডার, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে আলোচনা করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের ১ম প্রান্তিকের অর্জন মোটামুটি সন্তোষজনক। প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসে গবাদিপশুর ড্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২.২ ক্রমিকের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন ৫০% অর্জিত হয়েছে অবশিষ্ট ৫০% অর্জনের বিষয়ে আলোচনা করা হয় এবং ২.৩ ক্রমিকের বাজেট বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের বিষয়ে আলোচনা করা হয়। ৩.৪ ক্রমিকে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের ভ্রাম্যমান মাছ বিক্রির ০৫টি স্পট বৃদ্ধি ও ০৩টি মৎস্য অবতরণ কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বারোপ করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ১ম প্রান্তিকের অর্জন মোটামুটি সন্তোষজনক। ইনস্টিটিউট এর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তরের বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর ১ম প্রান্তিকের অর্জন মোটামুটি সন্তোষজনক। ইনস্টিটিউটের গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবার মূল্য তালিকা নির্ধারিত সময়ের মধ্যে অফিস সম্মুখে প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। মেরিন ফিশারিজ একাডেমির ১ম প্রান্তিকের অর্জন মোটামুটি সন্তোষজনক। মেরিন ফিশারিজ একাডেমিতে স্থাপিত ট্রান্সপারেন্ট অভিযোগ বক্সসমূহে নিয়মিত মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়।

০৩। সিদ্ধান্তঃ


(১) সকল দপ্তর/সংস্থার স্টেকহোল্ডারসহ শুদ্ধাচার সংক্রান্ত সকল সভা নির্ধারিত সময়ের মধ্যে সঠিকভাবে আয়োজন করা, প্রমাণকসমূহ (সভার নেটিশ, ছবি, কার্যবিবরণী) সংরক্ষণ এবং গণশুনানীসমূহে স্টেকহোল্ডার, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় সাংবাদিকদের উপস্থিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) প্রাণিসম্পদ অধিদপ্তরের উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসে গবাদিপশুর ড্যাকসিন ও কৃত্রিম প্রজনন সেবার মূল্যতালিকা ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় খামারিদের মাঝে গবাদিপশু ও হাঁস-মুরগি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা শহরের ভ্রাম্যমান মাছ বিক্রির ০৫টি স্পট বৃদ্ধি ও ০৩টি মৎস্য অবতরণ কেন্দ্রে ডিজিটাল পদ্ধতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়।

- (৪) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবার মূল্য তালিকা নির্ধারিত সময়ের মধ্যে অফিস সম্মুখে প্রদর্শন ও ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৫) মেরিন ফিশারিজ একাডেমিতে স্থাপিত ট্রান্সপারেন্ট অভিযোগ বক্সসমূহে নিয়মিত মনিটরিং এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাহিদ রশীদ)

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়